

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩২৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ লাল বর্ণের কাপড়ে সালাত আদায় করা জায়েয যদি তা তার জন্য হারাম না হয়ে থাকে

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُصلِّيَ فِي الثِّيَابِ الحُمْرِ إِذَا لَمْ تَكُنْ بمحرَّمةٍ عَلَيْهِ

আরবী

2328 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ صَلَّى اللَّهُ الرَّحْمَنِ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَوْنِ بْنِ أَبِي جُحَيْفَةَ عَنْ أَبِيهِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ فِي حُلَّةٍ حَمْرَاءَ فَرْكِزَتْ عَنَزَةً فَصَلَّى إِلَيْهَا يمرُّ مِنْ وَرَائِها الكلبُ والمرأةُ والحِمَارُ.

راوي: أَبُو جُحَيْفَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2328 ا خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

২৩২৮. আবৃ জুহাইফা সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক জোড়া লাল বর্ণের কাপড় পরিধান করে বের হলেন। অতঃপর তাঁর জন্য লৌহ ফলক যুক্ত লাঠি গাড়া হলে, তিনি সেটাকে সামনে রেখে সালাত আদায় করেন। অতঃপর সেটার পশ্চাৎ দিয়ে কুকুর, নারী ও গাধা যাতায়াত করতো।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩০৮; সহীহ আল বুখারী: ৩৭৬; সহীহ মুসলিম: ৫০৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৩৫; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৬৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৩১৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৭৭; আত তায়ালিসী: ১/৮৮; আবূ দাউদ: ৬৮৮; নাসাঈ: ২/৭৩; সুনান বাইহাকী: ২/২৭০ দারেমী: ১/৩১৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা



নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৮৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবূ জুহাইফাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন